**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 3/2/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# নিউ ইয়র্ক হাউজিং কমপ্যাক্ট হাইলাইট করার জন্য গভর্নর হোকলের প্যাচোগে সফরের পর লং আইল্যান্ডের নেতাগণ এবং নির্বাচিত কর্মকর্তাগণ নিউ ইয়র্কের আবাসন সংকট মোকাবেলা করেছেন

নিউ ইয়র্ক হাউজিং কমপ্যাক্টের মূল উপাদানগুলো হাইলাইট করার জন্য গভর্নর ক্যাথি হোকল আজ স্থানীয় নেতাগণের পাশাপাশি নির্বাচিত কর্মকর্তাদের সাথে লং আইল্যান্ডের সাফোক কাউন্টিতে প্যাচোগে সফর করেছেন -- নিউ ইয়র্কের আবাসন সংকট মোকাবেলার পাশাপাশি পরবর্তী দশকে 800,000 নতুন বাড়ি নির্মাণের জন্য 2024 অর্থবছরের কার্যনির্বাহী বাজেটে গভর্নরের ব্যাপক কৌশল ঘোষণা করা হয়েছে। প্রতিনিধিগণ নিউ ইয়র্ককে আরো বসবাসযোগ্য, অ্যাক্সেসযোগ্য এবং সাশ্রয়ী করতে গভর্নরের দৃষ্টিভঙ্গির জন্য ব্যাপক সমর্থন জানিয়েছেন।

**সাফোক কাউন্টির এক্সিকিউটিভ স্টিভ বেলোন বলেন,** "টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধির হিসাবে লং আইল্যান্ড ভালো অবস্থানে রয়েছে যা সম্পত্তির মূল্য বজায় রাখতে এবং ট্যাক্স বৃদ্ধি রোধে সাহায্য করবে, সেইসাথে আমাদের অঞ্চলের পরিবহন ও উদ্ভাবনী ক্ষেত্রগুলোতে গভর্নরের বিনিয়োগের জন্য ধন্যবাদ৷ এই অর্থনৈতিক সমৃদ্ধি অর্জনের বিপরীতে একক সবচেয়ে বড় বাধা হলো আবাসন সংকট এবং এই সমস্যাটিকে অগ্রাধিকার দেওয়ার জন্য আমি গভর্নর হোকলকে সাধুবাদ জানাই। গভর্নর এমন একটি পরিকল্পনা উপস্থাপন করেছেন যা স্থানীয় মিউনিসিপ্যালিটিগুলোকে আমাদের অর্থনৈতিক ভবিষ্যতের জন্য গুরুত্বপূর্ণ যেকোনো সমস্যা সমাধানের ক্ষেত্রে স্টেটের সাথে নিবিড়ভাবে কাজ করতে উৎসাহিত করবে।"

**প্যাচোগ ভিলেজের মেয়র পল পন্টিয়েরি বলেন,** "লং আইল্যান্ডের অনেক বাসিন্দা বর্ধিত আবাসন ব্যয় সমস্যার সম্মুখীন হয়। প্যাচোগেতে, আমরা লং আইল্যান্ডে আবাসন সংকট মোকাবেলায় অনেক কিছু করেছি এবং যৌথ-ব্যবহারের কর্মশক্তির আবাসন তৈরি করেছি যাতে আমাদের তরুণ সমাজ এবং সিনিয়রগণ আমাদের স্থানীয় অর্থনীতিতে ভূমিকা পালনের জন্য এখানকার আবাসনে থাকতে পারে। ঘনত্ব ও নকশা কিভাবে সমন্বয় করা যায় তা গভর্নরকে দেখাতে পেরে আমি বেশ উচ্ছ্বসিত হওয়ার পাশাপাশি আমাদের কমিউনিটিগুলো পরিবর্তন বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় সরঞ্জামগুলোর সাহায্যে আবাসন সংকট মোকাবেলা করতে সক্ষম তা নিশ্চিত করতে তার প্রশাসনের সাথে কাজ করার জন্য উন্মুখ হয়ে আছি।"

**LIREDC-এর সহ-সভাপতি জন ন্যাডলার বলেন,** "এই অঞ্চলে সাশ্রয়ী মূল্যের আবাসনের অভাব কলেজের প্রতিভা অন্বেষণ ও ধরে রাখার সক্ষমতাকে মারাত্মকভাবে বাধাগ্রস্ত করেছে।

কলেজ এবং লং আইল্যান্ডের ভবিষ্যত সাফল্য নিশ্চিতে আবাসনের এই ঘাটতি মোকাবেলা করা অত্যন্ত গুরুত্বপূর্ণ।"

**LIREDC-এর সহ-সভাপতি লিন্ডা আর্মিন বলেন,** "নিউ ইয়র্ক স্টেটের ধারাবাহিক অর্থনৈতিক প্রবৃদ্ধি বজায় রাখার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ উপাদান হিসেবে আবাসনের প্রাপ্যতা বাড়ানোর জন্য আমি গভর্নর হোকলকে সাধুবাদ জানাই।"

**স্থানীয় 338 RWDSU/UFCW-এর প্রেসিডেন্ট জন ডুরসো বলেন,** "কয়েক-প্রজন্মের এই আবাসন সমস্যা মোকাবেলায় গভর্নর ক্যাথি হোকলের প্রতিশ্রুতি পেয়ে আমরা উচ্ছ্বসিত হয়েছি। আমাদের অঞ্চলে সৃষ্ট এই জটিল সমস্যাটির সমাধানের জন্য আমরা তার এবং লং আইল্যান্ডের অন্যান্য স্টেকহোল্ডারদের সাথে কাজ করার জন্য উন্মুখ হয়ে আছি।"

**বিল্ডিং অ্যান্ড কনস্ট্রাকশন ট্রেডস কাউন্সিল অভ নাসাউ অ্যান্ড সাফোক কাউন্টিসের প্রেসিডেন্ট ম্যাথিউ আরাসিছ বলেন,** "লং আইল্যান্ডের রিয়েল এস্টেট বাজারের কোনোরূপ ভারসাম্য নেই। এই সমস্যাটি মোকাবেলা করার ক্ষেত্রে গভর্নরের অবস্থানকে আমি সাধুবাদ জানাই যাতে আমরা এগিয়ে যেতে পারি এবং উভয় কাউন্টিতে আবাসন স্বল্পতার সমাধান করতে পারি।"

**লং আইল্যান্ড হাউজিং সার্ভিসেস, ইনক. এর নির্বাহী পরিচালক ইয়ান ওয়াইল্ডার বলেন,** "গভর্নর হোকল লং আইল্যান্ডের আবাসন স্বল্পতা - বিশেষ করে সাশ্রয়ী মূল্যের আবাসন সংশ্লিষ্ট সমস্যা মোকাবেলায় যে দৃষ্টিভঙ্গি পেশ করেছেন তার জন্য কৃতিত্ব প্রাপ্তির দাবিদার। কোনো পরিকল্পনা ছাড়া, লং আইল্যান্ড -- বিশেষ করে আমাদের অর্থনীতি -- আবাসন ঘাটতির কারণে মূল্যহীন হয়ে যাবে। এমনকি গভর্নরের হাউজিং কমপ্যাক্ট পরিকল্পনার বিরোধীগণও একমত যে এই সেক্টরে আমাদের একটি ঘাটতি রয়েছে। এতদিন পরেও ঐ বিরোধীগণ একটি গ্রহণযোগ্য বিকল্প রোডম্যাপ দিতে ব্যর্থ হয়েছে। এই কারণেই আমরা হাউজিং কমপ্যাক্টকে একটি প্রো-হোম, প্রো-লং আইল্যান্ড টুলবক্স হিসেবে সমর্থন করে চলেছি যাতে সমস্যার সমাধানে পৌঁছানোর জন্য আমরা গ্রহণযোগ্যতার মানদণ্ড পেরিয়ে যেতে পারি।"

**হাউজিং হেল্প ইনক. এর নির্বাহী পরিচালক, পিলার মোয়া-ম্যানসেরা বলেন,** "হাউজিং কমপ্যাক্ট প্ল্যান হলো তরুণ সমাজ, প্রবীণ নাগরিক, প্রতিবন্ধী ব্যক্তিবর্গ, কঠোর পরিশ্রমী গোষ্ঠী এবং আমাদের অর্থনীতির মূল চালিকা শক্তি এমন গুরুত্বপূর্ণ কর্মীদের আবাসন চাহিদা পূরণ করার একটি চমৎকার সুযোগ। লং আইল্যান্ড কমিউনিটির বর্তমান এবং ভবিষ্যত সাফল্যের জন্য বিনিয়োগ শুরু করার ক্ষেত্রে এটি একটি দীর্ঘ সময়ের অপেক্ষা। তাছাড়া, হাউজিং কমপ্যাক্ট প্ল্যান লং আইল্যান্ডকে আধুনিকায়নের জন্য একটি নতুন যুগের সূচনা করার একটি অবিশ্বাস্য সুযোগ। এটি নৈতিকভাবে অগ্রহণযোগ্য যে 2023 সালে আমরা এমন একটি অঞ্চলে বাস করি যেখানে আপনি যে জিপ কোডটি থেকে এসেছেন তা আপনার আয়ু, শিক্ষার মান, স্বাস্থ্য এবং জীবনের মান নির্ধারণ করে।"

**লং আইল্যান্ডের কমিউনিটি ডেভেলপমেন্ট কর্পোরেশনের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা গুয়েন ও'শিয়া বলেন,** "আমরা গভর্নরকে চিহ্নিত প্রতিবন্ধকতাগুলো মোকাবেলা

করার প্রচেষ্টার জন্য সাধুবাদ জানাই যা অনেকের বাড়ি এবং অর্থনৈতিক সুযোগগুলোকে বাধাগ্রস্থ করেছে। আমরা বিশ্বাস করি পরিমার্জনগুলো আরো গ্রহণযোগ্য ফলাফল বয়ে আনতে পারে, যেমন- অগ্রগামী কমিউনিটিগুলোকে পুরস্কৃত করা (যেমন- হেম্পস্টেড এবং প্যাচোগ ভিলেজ) এবং স্থানীয় সরকারগুলোকে পরিবেশগত সুরক্ষা ও অবকাঠামোগত সক্ষমতা সম্পর্কিত তাদের নির্দিষ্ট উদ্বেগগুলোকে মোকাবেলা করার জন্য বর্ধিত তহবিল দিয়ে কাঙ্খিত লক্ষ্যগুলো পূরণ করা।"

**লং আইল্যান্ডের হেলথ অ্যান্ড ওয়েলফেয়ার কাউন্সিলের প্রধান নির্বাহী কর্মকর্তা রেবেকা সানিন বলেন,** "লং আইল্যান্ডের প্রাপ্য এবং সাশ্রয়ী মূল্যের আবাসনের স্বল্পতা প্রতিযোগিতামূলক কর্মসংস্থান, জনস্বাস্থ্য, নিরাপত্তা এবং তরুণ কর্মীদের ধরে রাখার উপর প্রভাব ফেলে যারা আমাদের শ্রেষ্ঠত্বের কাতারে পড়ে কিন্তু কমিউনিটিতে তাদের স্থানীয়ভাবে বসবাসের জন্য সামর্থ্যের প্রয়োজন। লং আইল্যান্ডে নিরাপদ, সাশ্রয়ী মূল্যের আবাসনের ঘাটতি শীর্ষ পর্যায়ের একটি অর্থনৈতিক ও সামাজিক সমস্যা যা একটি অঞ্চল হিসেবে আমাদের অগ্রগতিতে প্রতিবন্ধকতা সৃষ্টি করে, পারিবারিক মঙ্গলকে বাধা দেওয়ার পাশাপাশি আমেরিকার প্রথম উপশহরকে বিনিয়োগ ও উদ্ভাবনের কেন্দ্রভূমি হতে বাধা দেয়। রিসোর্স, অবকাঠামো এবং প্রণোদনার সংমিশ্রণ অত্যন্ত প্রয়োজন যাতে পৃথক কমিউনিটিগুলো কার্যকরভাবে তাদের চাহিদা এবং সম্ভাবনা পূরণের পরিকল্পনা করতে পারে এবং ভবিষ্যত প্রজন্মের জন্য লং আইল্যান্ডে বসবাস, কাজ ও তাদের পরিবারকে টিকিয়ে রাখার জন্য আদর্শবান কমিউনিটি হতে পারে।"

**হান্টিংটন টাউনশিপ হাউজিং এর প্রেসিডেন্ট হান্টার গ্রোস বলেন,** "আমি গভর্নর হোকলের NYS হাউজিং কমপ্যাক্টকে সহায়তা করতে পেরে অত্যন্ত গর্বিত। আমরা মধ্যবিত্ত পরিবার, তরুণ পেশাজীবী এবং সমস্ত বর্ণের বয়স্ক বাসিন্দাদের হাউজিং মার্কেটের বাইরে রাখা চালিয়ে যেতে পারি না। স্থানীয়দের সাথে কাজ করার সময় তাদের কমিউনিটির জন্য কোন আবাসনটি গুরুত্বপূর্ণ সে বিষয়ে সিদ্ধান্ত নিতে এই পরিকল্পনাটি সীমাবদ্ধ জোনিং সমস্যা মোকাবেলা করবে। লং আইল্যান্ডের অর্থনীতির জন্য সত্যিকার অর্থেই কোনো প্রকার প্রতিবন্ধকতা নেই।"

**লং আইল্যান্ড বিল্ডার্স ইনস্টিটিউট মাইক ফ্লোরিও বলেন,** "গভর্নর নমনীয়ভাবে স্বীকার করেছেন যে স্থিতাবস্থা আবাসন সংকটের সমাধান করবে না যা আমরা সবাই জানি। রিসোর্স ও প্রণোদনা সরবরাহ করে এবং প্রতিটি কমিউনিটির অনন্য চাহিদা বোঝার জন্য একসাথে কাজ করার মাধ্যমে, আমরা একটি রূপান্তরমূলক পরিকল্পনা তৈরি করতে পারি যা লং আইল্যান্ডবাসীদের এখন এবং ভবিষ্যত প্রজন্মের জন্য উপকৃত করবে।"

**স্টেট প্রোগ্রাম ফর রিজিওনাল প্ল্যান অ্যাসোসিয়েশনের ভাইস প্রেসিডেন্ট মেলিসা কাপলান-ম্যাসি বলেন,** "গভর্নর হোকলের নিউ ইয়র্ক হাউজিং কমপ্যাক্ট প্রস্তাবকে সমর্থন করতে পেরে RPA গর্বিত। যদিও আমাদের স্টেটে আবাসনের চাহিদা পূরণ করার জন্য কোনো কৌশলই একটি জাদুর কাঠি নয়, তবে একটি জিনিস খুবই স্পষ্ট - আমাদের আবাসন প্রতিবন্ধকতা মোকাবেলা করার জন্য, আমাদের আরো বেশি বাড়ি তৈরির অনুমতি দিতে হবে। সরকারের সকল স্তরে আমাদের আবাসন সরবরাহ সমস্যা সমাধানের জন্য আমাদের যৌথভাবে

কাজ করতে হবে -- উভয়ই আমাদের বর্তমান আবাসন সংকট মোকাবেলা করতে এবং ভবিষ্যতের প্রবৃদ্ধির জন্য অনুমতি দেয়।"

**লং আইল্যান কমিউনিটি ফাউন্ডেশনের সিনিয়র প্রোগ্রাম অফিসার সোল মেরি আলফোনসো-জোনস বলেন,** "লং আইল্যান্ড প্রচুর সম্পদ সহ একটি গতিশীল অঞ্চল। কিন্তু আমরা আবাসনের চাহিদার সাথে তাল মিলিয়ে চলতে পারিনি। আমাদের মানসম্পন্ন সাশ্রয়ী মূল্যের আবাসনের অভাব আমাদের বাসিন্দাদের, শ্রমিকদের এবং ব্যবসার মালিকদের জীবনযাত্রার মানের জন্য একটি প্রাথমিক প্রতিবন্ধকতা হয়ে আছে। আমরা অগ্রসর-চিন্তাশীল পৌর নেতাদের জন্য কৃতজ্ঞ যারা আমাদের বিভিন্ন জনগোষ্ঠীর চাহিদা মেটাতে উদ্ভাবনী আবাসন বিকল্প তৈরি করেছে। সকল লং আইল্যান্ড পৌরসভাকে অন্তর্ভুক্তিমূলক বাড়ি তৈরি করতে সহায়তা করার জন্য গভর্নর হোকলের প্রতিশ্রুতিকে আমরা সাধুবাদ জানাই যা নিশ্চিত করবে যে আমাদের অঞ্চলটি একটি সুন্দর প্রাণবন্ত জায়গা থাকবে যেখানে সবাই একটি ভালো মানের জীবন উপভোগ করতে পারবে।"

**HIA-LI, লং আইল্যান্ডের অন্যতম বিশিষ্ট ব্যবসায়িক অ্যাডভোকেসি সংস্থা এবং হাউপাউগে লং আইল্যান্ড ইনোভেশন পার্কের স্টুয়ার্ড, এর প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা টেরি অ্যালেসি-মিচেলি বলেন,** "HIA-LI আনন্দিত যে গভর্নর হোকল স্বীকার করেছেন যে লং আইল্যান্ডের অর্থনীতির ভবিষ্যত বর্ধিত আবাসনের প্রাপ্যতার উপর নির্ভর করে - বিশেষ করে তরুণ পেশাদারদের এখানে দ্বি-কাউন্টি অঞ্চলে বসবাস ও কাজ করতে সাহায্য করার জন্য। নিউ ইয়র্ক হাউজিং কমপ্যাক্ট একটি অভিনব পদ্ধতি যা স্থানীয় ইনপুট সহ, আমাদের কমিউনিটির শহরতলির চরিত্রকে রক্ষা করতে সাহায্য করতে পারে।" "নিউ ইয়র্ক হাউজিং কমপ্যাক্ট একটি অভিনব পদ্ধতি যা স্থানীয় ইনপুট সহ, আমাদের কমিউনিটির শহরতলির চরিত্রকে রক্ষা করতে সাহায্য করতে পারে।"

**মাইনোরিটি মিল্লেঙনিয়ালস, ইনকর্পোরেটেড-এর প্রতিষ্ঠাতা এবং সভাপতি, ড্যান লয়েড বলেন,** "মাইনোরিটি মিল্লেঙনিয়ালস গভর্নর হোকলের হাউজিং কমপ্যাক্ট দৃষ্টিভঙ্গিকে সমর্থন করে, যেটি সাহসের সাথে আমাদের অঞ্চলের জরুরি আবাসন সংকট মোকাবেলা করে এবং লং আইল্যান্ডের পরবর্তী প্রজন্ম যাতে আমেরিকান স্বপ্ন অনুসরণ করার সামর্থ্য রেখে লং আইল্যান্ডে তাদের পরিবারকে বড় করার সুযোগ পায় তা নিশ্চিত করার জন্য কাজ করে৷ আমরা প্রশংসা করি যে পরিকল্পনাটি স্থানীয় সরকারগুলোকে স্টেটের তহবিল, পরিকল্পনা এবং প্রশাসনিক সহায়তায় তাদের কমিউনিটির জন্য তৈরি করা সমাধানগুলো বেছে নেওয়ার ক্ষমতা দেয়৷ আঞ্চলিক নেতাদের জন্য এটি একটি অনন্য মুহূর্ত যা একটি খুব পুনো সমস্যার নতুন সমাধান নিয়ে কাজ করার জন্য: আবাসন।"

**ইস্ট এন্ড YIMBY মাইকেল ডেলি বলেন,** "অভিভাবক, প্রয়োজনীয় কর্মী, তরুণ পেশাদার, ব্যবসার মালিক, সিনিয়র এবং লং আইল্যান্ড জুড়ে সম্প্রদায়ের নেতারা একমত যে সাশ্রয়ী মূল্যের আবাসন তৈরির জন্য আমাদের প্রাচীন মডেল আমাদের কমিউনিটিগুলোকে ব্যর্থ করেছে৷ আমাদের একটি নতুন পদ্ধতির প্রয়োজন। যদিও উন্নতির জন্য জায়গা আছে, নিউ ইয়র্ক হাউজিং কমপ্যাক্ট লক্ষ্যগুলি যুক্তিসঙ্গত এবং পরীক্ষিত এবং পরীক্ষিত সরঞ্জামগুলোর একটি সিরিজ অফার করে যা সমগ্র মার্কিন যুক্তরাষ্ট্রের নগর ও শহরে সফল প্রমাণিত হয়েছে। প্রণোদনা

প্রতিটি পৌরসভাকে তাদের নিজস্ব আবাসনের চাহিদাগুলোকে এমনভাবে সমাধান করার অনুমতি দেবে এবং উৎসাহিত করবে যা তাদের স্থানীয় বাসিন্দাদের এবং ব্যবসার জন্য উপকৃত হবে৷ আমরা NY হাউজিং কমপ্যাক্ট সমর্থন করি। আগামী তিন বছর আমাদের প্রিয় কমিউনিটির জন্য কী নিয়ে আসবে তা দেখে আমরা উচ্ছ্বসিত এবং আমরা আত্মবিশ্বাসী যে এটি সকল লং আইল্যান্ডবাসীর জন্য একটি উজ্জ্বল ভবিষ্যত গড়ে তুলতে সাহায্য করবে।"

**EAC নেটওয়ার্কের সভাপতি ও প্রধান নির্বাহী কর্মকর্তা নীলা মুখার্জি লকেল বলেন,** "EAC নেটওয়ার্ক আবাসন সংকটের তীব্রতা স্বীকার করে এবং সমস্যা সমাধানের জন্য পদক্ষেপ নেওয়ার জন্য গভর্নর হোকলকে সাধুবাদ জানায়৷ আমরা স্বীকার করি যে সমস্যাটি কতটা গুরুতর, বিশেষ করে এখানে লং আইল্যান্ডে এবং এটা দেখে খুশি যে এটি গভর্নরের জন্য অগ্রাধিকার।"

**ERASE বর্ণবাদের সভাপতি লরা হার্ডিং বলেন,** "নিউ ইয়র্কের আবাসন সংকট মোকাবেলায় গভর্নর ক্যাথি হোকলের স্টেট ব্যাপী কৌশল লং আইল্যান্ড এবং নিউ ইয়র্ক জুড়ে সাশ্রয়ী মূল্যের আবাসনের মূল চ্যালেঞ্জ মোকাবেলায় একটি সাহসী প্রথম পদক্ষেপের প্রতিনিধিত্ব করে৷ এটি এমন সমাধান প্রস্তাব করে যা আবাসনের বিকল্পগুলো বাড়িয়ে সকল লং আইল্যান্ডবাসীদের উপকৃত করবে৷ এটি আমাদের সবচেয়ে ঝুঁকিপূর্ণ জনসংখ্যার চাহিদাগুলিকে সম্বোধন করে এবং এটি বর্জনীয় জোনিংকে মোকাবেলা করে যা লং আইল্যান্ডের 10টি জাতিগতভাবে বিচ্ছিন্ন অঞ্চলের মধ্যে একটি হিসাবে অবস্থানের কেন্দ্রস্থলে রয়েছে।"

**প্রেসিডেন্ট লং আইল্যান্ড আফ্রিকান আমেরিকান চেম্বার অভ কমার্স, ইনকর্পোরেটেড, ফিল অ্যান্ড্রুজ বলেন,** "লং আইল্যান্ডে সাশ্রয়ী মূল্যের আবাসন লং আইল্যান্ডের সবচেয়ে চাপের সমস্যাগুলোর মধ্যে একটি। আমাদের অবশ্যই এই সমস্যাটি জরুরিভাবে সমাধান করতে হবে কারণ এই সমস্যাটি লং আইল্যান্ডের প্রতিভার পুলকে নিষ্কাশন করবে এবং নেতিবাচকভাবে এই অঞ্চলের অর্থনীতিকে নেতিবাচকভাবে প্রভাবিত করবে।"

**ভাড়াটে এবং প্যাচোগের বাসিন্দা, ট্রেসি টড হান্টার বলেন,** "লং আইল্যান্ডে সাশ্রয়ী মূল্যের আবাসন একটি জরুরি প্রয়োজন। আমাদের যুবক, প্রবীণ, পরিবারের একক প্রধান, প্রবীণ, প্রতিবন্ধী ব্যক্তিদের সাশ্রয়ী মূল্যের ডোমেনের তীব্র প্রয়োজন। বর্তমানে স্নাতক হওয়া কলেজ শিক্ষার্থীরা যারা লং আইল্যান্ডের কর্মীবাহিনীতে যোগ দিতে প্রস্তুত তারা তাদের বেতনের সাথে সামঞ্জস্য নয় এমন আবাসনের উচ্চ খরচের কারণে একটি অ্যাপার্টমেন্ট বা বাড়ির মালিক হতে পারে না। তাদের বিকল্প খুবই কম। হয় তারা তাদের বাবা-মায়ের সাথে বাড়িতে থাকে, রুমমেট খোঁজে বা তাদের বসবাসের জায়গার জন্য যথেষ্ট উপার্জন করতে একাধিক চাকরি করে। সম্প্রতি অবসরপ্রাপ্ত সিনিয়রদেরও কৌশলগতভাবে ভাবতে হবে। অনেক প্রবীণরা তাদের 70-এর দশকে ভালোভাবে কাজ করে চলেছেন কারণ তাদের পছন্দগুলো সামান্য এবং তারা এমন একটি বাড়ি বিক্রি করে তাদের স্বাধীনতা ত্যাগ করতে পছন্দ করে না যা পারিবারিক জমায়েতের জন্য আশ্রয়স্থল ছিল এবং যেখানে আবেগপূর্ণ, দীর্ঘস্থায়ী স্মৃতি তৈরি হয়েছিল। কাউকে কাউকে সন্তান/আত্মীয়ের সাথে নতুন বাড়িতে যেতে হবে অথবা তাদের এমন একটি স্টেটে যেতে হবে যেখানে আবাসন সস্তা এবং তারা পলকে অর্থ প্রদানের জন্য পিটারকে অর্থ প্রদান না করার বিষয়ে চিন্তা করার বিপরীতে তাদের সোনালী বছরগুলো উপভোগ করতে পারবে। কোনো

সিনিয়রের কখনোই নিরাপত্তাহীন বোধ করা উচিত নয় এবং সারাজীবন কাজ করার পর তাদের বাসস্থান থাকবে কিনা এই ধরনের মানসিক চাপের সঙ্গে মোকাবিলা করা উচিত নয়।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন